

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
ঢাকা অঞ্চল, ঢাকা
ল্যাবরেটরী বিল্ডিং, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.dhakadiv.gov.bd

নিয়োগ পত্র

নং-১২.১৬.০০০০.০৩৯.১১.৫০৩.২৩-২৫৬৬-১৫) তারিখ- ১৩/০৮/২০২৩


কৃষি মন্ত্রণালয়ের ১৮ জুন ২০১৯খ্রি: তারিখের ১২.০০.০০০০.০৫২.১১.০৪১.১৬.৬৩৮ সংখ্যক স্মারকে ছাড়পত্র এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ০৬ আগস্ট ২০১৯খ্রি: তারিখের ১২.০১.০০০০.৩৮.১১.০০৫.২০১৮.৭০০৩ সংখ্যক স্মারকে পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভাগীয় বাছাই ও নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে এবং মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা'র স্মারক নং-১২.০১.০০০০.১১১.৯৯.০১০.২০.৭০১ তারিখ- ১১-০৪-২০২৩খ্রি: মোতাবেক নিম্নে বর্ণিত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর গ্রেড-২০, টাকা ৮২৫০-২০০১০/- অনুযায়ী এবং বাংলাদেশ সরকারের প্রচলিত বিধি মোতাবেক প্রযোজ্য অন্যান্য সুবিধাদিসহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে "ফার্মলেবার" পদে নিয়োগ করা হলো।

ক্রঃ নং	প্রার্থীর নাম ও রোল নম্বর	পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা
১.	মোঃ সাদ্দাম হোসাইন রোল নম্বর- ২১০০০২৯১৩	পিতা- আব্দুল আওয়াল মিয়া মাতা- ফুলবানু বেগম	গ্রাম- শেরপুর (বিধিবাড়ি), ডাকঘর- রাধাগঞ্জবাজার থানা- রায়পুরা, জেলা- নরসিংদী

শর্তাবলী:

- প্রচলিত নিয়োগ বিধি অনুযায়ী এ নিয়োগ প্রারম্ভিকভাবে দুই বছর শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে।
- প্রচলিত নিয়ম অনুযায়ী সিভিলসার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সদনপত্র (ডোপ টেস্টসহ) যোগদানের সময় দাখিল করতে হবে। তাঁর স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ মন্তব্য থাকলে বা সরকারী দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- তাঁর আবেদনে প্রদত্ত যে কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে বা স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমিল প্রতীয়মান হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- কোটার স্বপক্ষে (মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী/ক্ষুদ্র-নৃগোষ্ঠী/আনসার ও ডিভিপি ইত্যাদি) নিয়োগপ্রাপ্ত কর্মচারীর কোন তথ্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যাচাই/বাছাইঅন্তে গরমিল পাওয়া গেলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- এ নিয়োগ জনস্বার্থে করা হলো। তাঁকে আগামী ২১/০৮/২০২৩খ্রি: রোজ সোমবার অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা অঞ্চল, ঢাকা বরাবরে অফিস চলাকালীন সময়ে যোগদান করতে হবে। উক্ত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
- এ নিয়োগ তাঁর যোগদানের তারিখ হতে কার্যকর হবে।
- তাঁকে চাকুরীতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।

এস. এম. সোহরাব উদ্দিন
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ঢাকা অঞ্চল, ঢাকা


১৩/০৮/২৩

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে)-

- জেলা প্রশাসক,
- পুলিশ সুপার,
- সিভিল সার্জন,
- উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,
- চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার/উপজেলা হিসাবরক্ষণ অফিসার,
- উপজেলা কৃষি অফিসার,
- জনাব
- অফিস নথি।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) -

- সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ।
- পরিচালক, উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- অতিরিক্ত পরিচালক (প্রশাসন, অর্থ ও সাপোর্ট সার্ভিসেস), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- উপপরিচালক (প্রশাসন/পার্সোনেল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।